উপজেলা পর্যায়ে ৩টি খেলাতে চ্যাম্পিয়ন কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়

জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩-এ ব্যাডমিন্টন, ভলিবল এবং হ্যান্ডবল খেলায় কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের মেয়েরা উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

আজ সিরাজুল ইসলাম মুসলিম হাইস্কুলে অনুষ্ঠিত উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে ব্যাডমিন্টন, ভলিবল এবং হ্যান্ডবল খেলায় উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়।

বিকেলে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস।

এসময় ভেন্যু প্রধান সিরাজুল ইসলাম মুসলিম হাইস্কুলের প্রধান শিক্ষক নীলিমা বিশ্বাস, কলকাকলি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেবুন নেসা সবুজ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক আফরোজা আক্তার ডিউ সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের মেয়েরা এমন কৃতিত্ব লাভ করায় খেলোয়াড় ও সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক।

হ্যাটট্রিক জয়ে চোখ কুমিল্লার, হারের বৃত্ত ভাঙতে

চায় ঢাকা

হ্যাটট্রিক হারের পর বিপিএলের নবম আসরে টানা দুই ম্যাচে জয় পেয়েছে বর্তমান চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ান্স। এবারের হ্যাট্টিক জয়ের লক্ষ্য নিয়ে আগামীকাল নিজেদের ষষ্ঠ ম্যাচে ঢাকা ডমিনেটর্সের মুখোমুখি হচ্ছে কুমিল্লা। পক্ষান্তরে, হ্যাটট্রিক হারের স্বাদ পাওয়া ঢাকা নিজেদের দ্বিতীয় জয় পেতে মরিয়া।

চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে আগামীকাল দুপুর ১টা ৩০ মিনিটে মুখোমুখি হবে কুমিল্লা ভিক্টোরয়ান্স ও ঢাকা ডমিনেটর্স।

এবারের আসরে নিজেদের প্রথম তিন ম্যাচেই হারে কুমিল্লা। ঢাকা পর্বে নিজেদের প্রথম ম্যাচে রংপুর রাইডার্সের কাছে ৩৪ রানে ও দ্বিতীয় ম্যাচে সিলেট স্ট্রাইকার্সের বিপক্ষে ৫ উইকেটে হারে কুমিল্লা।

চট্টগ্রামের মাটিতেও শুরুটা ভালো করতে পারেনি কুমিল্লা। সাকিব আল হাসানের দুর্দান্ত ব্যাটিং নৈপুন্যে ফরচুন বরিশালের কাছে ১২ রানে ম্যাচে হারে কুমিল্লা। হ্যাটট্রিক হারে কোণঠাসা হয়ে পড়ে কুমিল্লা।

অবশেষে নিজেদের চতুর্থ ম্যাচে এবারের আসরে প্রথম জয়ের দেখা পায় কুমিল্লা। চট্টগ্রাম চ্যালেঞ্জার্সকে ৬ উইকেটে হারায় তারা। এরপর পঞ্চম ম্যাচেও উড়তে থাকা সিলেটের বিপক্ষে দুর্দান্ত এক জয় তুলে নেয় ইমরুল-লিটনদের কুমিল্লা।

গতরাতে অনুষ্ঠিত ম্যাচে মাশরাফির অপ্রতিরোধ্য সিলেট স্ট্রাইকার্সকে এবারের আসরে প্রথম হারের স্বাদ দেয় কুমিল্লা। ৫ উইকেটে জয় পায় কুমিল্লা।

সিলেটের বিপক্ষে জয়ের পর কুমিল্লার অধিনায়ক ইমরুল বলেন, ‘প্রথম তিন ম্যাচে আমরা ভাল করতে পারিনি। এরপর আমরা অনেক আলোচনা করেছি, নিজেদের পরিকল্পনাগুলো মাঠে কাজে লাগানোর চেষ্টা করি। আশা করি, পরের ম্যাচগুলোতেও ভালো করতে পারবো।’

এদিকে, অধিনায়ক নাসির হোসেনের অলরাউন্ড নৈপুণ্যে জয় দিয়ে এবারের বিপিএল শুরু করেছিলো ঢাকা। নিজেদের প্রথম ম্যাচে খুলনা

টাইগার্সের বিপক্ষে ৬ উইকেটে জয় পেয়েছিলো ঢাকা।

কিন্তু এরপরই পথ হারায় ঢাকা। পরের তিন ম্যাচেই হারে তারা। সিলেট স্ট্রাইকার্সের কাছে ৬২ রানে ও ৫ উইকেটে এবং চট্টগ্রাম চ্যালেঞ্জার্সের কাছে ৮ উইকেটে পরাজিত হয় ঢাকা। ঢাকা ও চট্টগ্রামে মাটিতে সমান ২টি করে ম্যাচ হারে তারা।

হারের বৃত্ত থেকে বেরিয়ে আসতে মরিয়া ঢাকা। দ্বিতীয় জয়ের স্বাদ পেতে হলে ব্যাটিং বিভাগে জ্বলে উঠতে হবে নাসির-সৌম্য-মিথুনদের। বোলিংয়ে দারুন ছন্দে আছেন পেসার তাসকিন আহমেদ। কিন্তু খুব বেশি উইকেট নিতে পারেননি তিনি। ৪ ইনিংসে ১৫ দশমিক ৪ ওভার বল করে ৮৬ রানে ৪ উইকেট নিয়েছেন তাসকিন। তার ইকোনমি রেট ৫ দশমিক ৪৮।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদায় ৫১তম জাতীয় স্কুল শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে এই ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে, দামুড়হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন এর সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম।

এ সময় আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী। দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম প্রমুখ।

অস্ট্রেলিয়ার পর শ্রীলংকাকেও হারাল বাংলাদেশ

অস্ট্রেলিয়ার পর শ্রীলংকাকেও হারাল বাংলাদেশ নারী ক্রিকেট দল। টানা দুই জয়ে ৪ পয়েন্ট নিয়ে সুপার সিক্সের পথে একধাপ এগিয়ে গেল বাংলাদেশ।

প্রথম ম্যাচে অস্ট্রেলিয়াকে ৭ উইকেটের বড় ব্যবধানে হারায় বাংলাদেশের নারী ক্রিকেটাররা। এবার শ্রীলংকাকে ৯ রানে হারাল তারা।

রোববার দক্ষিণ আফ্রিকার বেনোনিতে টস হেরে ব্যাট করতে নামে বাংলাদেশ। দুই ওপেনার আফিয়া প্রত্যাশা এবং মিষ্টি সাহা মিলে গড়েন ৭৫ রানের জুটি। এ সময় ৪৩ বলে ৫৩ রান করে আউট হন আফিয়া প্রত্যাশা। ৭৯ রানের মাথায় রানআউট হন মিষ্টি সাহা। তিনি ২৪ বলে খেলেন ১৪ রানের ইনিংস।

এরপর দিলারা আক্তার এবং স্বর্ণা আক্তার মিলে গড়েন ৮৬ রানের জুটি। ২৭ বলে ৩৬ রান করে অপরাজিত থাকেন দিলারা আক্তার। শেষপর্যন্ত মাত্র ২ উইকেট হারিয়ে ১৬৫ রানের চ্যালেঞ্জিং স্কোর গড়ে বাংলাদেশ।

টার্গেট তাড়া করতে নেমে ৪ উইকেট হারিয়ে ১৫৫ রান তুলতে সমর্থ হয় শ্রীলংকা। দলের হয়ে ৫৪ বলে সর্বোচ্চ ৬০ রান করে অপরাজিত থাকেন অধিনায়ক ভিসমি গুনারত্নে। এছাড়া ৪৪ বলে ৫৫ রান করেন দেওমি ভিহাঙ্গা। ৯ রানে জয় পায় বাংলাদেশ।

[redacted]

[redacted]

৫০৮ রানে অপরাজিত ১৩ বছরের স্কুলছাত্র

১৭৮ বলের ইনিংসে ৮১টি চার, ১৮টি ছক্কা, শেষ পর্যন্ত অপরাজিত ৫০৮ রানে।

৪০ ওভারের ক্রিকেটে অবিশ্বাস্য এই ইনিংস খেলেছে ১৩ বছর বয়সী স্কুলছাত্র যশ চাবদে।

সীমিত ওভারের ক্রিকেটে ভারতের কোনো ব্যাটসম্যানের এটিই প্রথম ৫০০ রানের ইনিংস। খবর টাইমস অব ইন্ডিয়ার।

মহারাষ্ট্রের সরস্বতী বিদ্যালয়ের ছাত্র চাবদা রেকর্ড গড়া ইনিংসটি খেলেছে মুম্বাই ইন্ডিয়ানস জুনিয়র আন্তঃস্কুল টুর্নামেন্টে (অনূর্ধ্ব-১৪)।

পরিসংখ্যানবিদ মোহনদাস মেনন টাইমস অব ইন্ডিয়াকে জানিয়েছেন, শ্রীলঙ্কার চিরাত সেল্লেপুরামার পর চাবদেই সীমিত ওভার ক্রিকেটে ৫০০ রান করা দ্বিতীয় ব্যাটসম্যান। সেল্লেপুরামা গত বছরের আগস্টে শ্রীলঙ্কার অনূর্ধ্ব-১৫ স্কুল ক্রিকেটে ৫৫৩ রানের অপরাজিত ইনিংস খেলেছিল।

ইনিংসে ৫০০ বা এর বেশি রান করা ব্যাটসম্যানদের তথ্য তুলে ধরে মেনন বলেছেন, আমার কাছে থাকা তথ্যমতে, ক্রিকেটের সব সংস্করণ আর বয়সভিত্তিক দলের মধ্যে ৫০০ রানের বেশি রান করা দশম ব্যাটসম্যান চাবদে। এর মধ্যে ভারতের পাঁচজন। অন্য চারজন হচ্ছেন প্রণব ধনাওয়াড়ে (১০০৯), প্রিয়াংসু মোলিয়া (৫৫৬), পৃথ্বী শ (৫৪৬) এবং ড্যাডি হাভেওয়ালা (৫১৫)।

দামুড়হুদায় গ্রামবাংলার

ঐতিহ্যবাহী দড়িটানা খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় হয়ে গেলো গ্রাম-বাংলার ঐহিত্যবাহী দড়িটানা খেলা। উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামে এ খেলার আয়োজন করা হয়। গ্রামের পশ্চিমপাড়া যুবসংঘের আয়োজনে শনিবার দিনব্যাপি গ্রামসংলগ্ন ভৈরব নদের তীরে এ খেলা অনুষ্ঠিত হয়। ঐতিহ্যবাহী এ খেলা দেখতে হাজারো মানুষের ঢল নামে কার্পাসডাঙ্গা গ্রামে।

আয়োজকরা জানান, খেলায় মোট ৮টি দল অংশ নেয়। শনিবার সকাল থেকে কার্পাসডাঙ্গা গ্রামের তিনটি দল, জগন্নাথপুর গ্রামের দুটি দল এবং গচিয়ারপাড়া, কোমরপুর ও আনন্দবাস গ্রামের একটি করে দল খেলায় অংশ নেয়।

শনিবার বিকালে এ সংবাদ লেখা পর্যন্ত খেলা চলমান ছিলো। আয়োজনরা জানান, খেলায় চ্যাম্পিয়ন ও রানারআপ দলকে পুরষ্কার হিসেবে একটি করে ছাগল প্রদান করা হবে।

আমার হৃদয় আবেগে পূর্ণ: সানিয়া মির্জা

অস্ট্রেলিয়ান ওপেন দিয়ে গ্র্যান্ডস্ল্যাম ক্যারিয়ার শুরু হয়েছিল ভারতীয় টেনিস তারকা সানিয়া মির্জার। আর ক্যারিয়ারের শেষ গ্র্যান্ডস্ল্যামও অস্ট্রেলিয়ান ওপেন। আগেই অবসরের ঘোষণা দিয়েছিলেন সানিয়া । তবে শেষ গ্র্যান্ডস্ল্যাম খেলার আগে আরও একবার স্মৃতিচারণ করলেন টেনিসযাত্রার। টুইটারে দিলেন আবেগঘন বার্তা।

সানিয়া জানিয়েছেন, ছয় বছর বয়স থেকে তার লড়াই শুরু হয়েছিল। কঠিন পরিস্থিতিতে তার পরিবার সবসময় পাশে থেকেছে। তাকে স্বপ্ন দেখার সাহস জুগিয়েছেন। তাদের প্রত্যেককে ধন্যবাদ জানিয়েছেন সানিয়া।

গ্র্যান্ডস্ল্যাম জেতার স্বপ্ন দেখেছিলেন হায়দরাবাদের ছোট্ট মেয়েটি।

অনেক বাধা, প্রতিকূলতা পেরিয়ে সেই স্বপ্নপূরণ করেন। ২০০৫ সালে অস্ট্রেলিয়ান ওপেন দিয়ে গ্র্যান্ডস্ল্যামের যাত্রা শুরু করেছিলেন। ১৮ বছর পর সেই অস্ট্রেলিয়ান ওপেনেই শেষ গ্র্যান্ডস্ল্যাম খেলতে নামবেন সানিয়া। আর তাকে শেষ টেনিস খেলতে দেখা যাবে ফেব্রুয়ারি মাসে দুবাইয়ে।

টুইটারে সানিয়া লেখেন— যখন আমি আমার ক্যারিয়ারের দিকে ফিরে তাকাই, অনুভব করি যে আমি শুধু গ্র্যান্ডস্ল্যাম টুর্নামেন্টে হাফসেঞ্চুরিই করিনি, এর মধ্যে কয়েকটি জিততেও সক্ষম হয়েছি। দেশের হয়ে পদক জেতা আমার জন্য সবচেয়ে বড় সম্মান। মঞ্চে দাঁড়িয়ে তেরঙ্গাকে সারাবিশ্বে সম্মানিত হতে দেখা আমার জন্য সম্মানের।

সানিয়া লেখেন, যখন আমি ১৮ বছর পর আমার শেষ অস্ট্রেলিয়ান ওপেন এবং তার পর ফেব্রুয়ারিতে দুবাই ওপেনের জন্য প্রস্তুতি নিচ্ছি, তখন আমার হৃদয় আবেগে পূর্ণ। আমি গর্ববোধ করছি। আমি যা কিছু অর্জন করেছি এবং আমার ২০ বছরের পেশাগত জীবনে যে স্মৃতিগুলো তৈরি করেছি, তার জন্য আমি কৃতজ্ঞ। আমার জন্য সবচেয়ে স্মরণীয় মুহূর্ত হলো— আমি যখনই জিতেছি, তখনই আমার দেশবাসীর হৃদয়ে আনন্দ দেখেছি।

সূত্র: যুগান্তর

রোনালদোর চতুর্থ স্ত্রী হতে চলেছেন তরুণ মডেল সেলিনা

ব্রাজিলের কিংবদন্তি ফুটবলার রোনালদোর সঙ্গে টানা আট বছর চুটিয়ে প্রেম করছেন সেলিনা। তরুণ মডেল ও অভিনেত্রীকে বিয়ে করতে চলেছেন তিনি।

প্রিয় মানুষের বিয়ের প্রস্তাবে উচ্ছ্বসিত সেলিনা। তাদের বিয়ে হলে এই সুদর্শনী হবেন ৪৮ বছর বয়সি ব্রাজিলের সাবেক স্ট্রাইকারের

চতুর্থ ঘরণী।

রোনালদো ও সেলিনার বিয়ের কথা উঠতেই দর্শকদের আগ্রহ মডেলকে নিয়ে। সেলিনা লকসের বয়স ৩২। তিনি ব্রাজিলিয়ান মডেল।

ব্রাজিলের সংবাদমাধ্যম ল্যান্স সূত্রে খবর, আট বছর প্রেম করেছেন সেলিনা এবং রোনালদো। চুটিয়ে প্রেম করার পরেই সেলিনাকে বিয়ের প্রস্তাব দিয়েছেন রোনালদো।

রোনালদো যে তাকে বিয়ের প্রস্তাব দিয়েছেন, সেই খবরটি নিজের ইনস্টাগ্রামে দিয়েছেন সেলিনা। তিনি ইনস্টাগ্রামে রোনালদো সঙ্গে ছবি পোস্ট করে লিখেছেন, ‘হ্যাঁ। আমি রাজি। তোমাকে চিরদিনের জন্য ভালোবাসি।’ রোনালদো সেই পোস্টে লিখেছেন, ‘তোমাকেও ভালোবাসি।’

জানা গেছে, সেলিনা অল্প বয়স থেকেই মডেলিংয়ের সঙ্গে জড়িয়ে। তিনি জনপ্রিয় ‘ভোগ’, ‘দিওর’র মতো বেশ কিছু ব্র্যান্ডের সঙ্গে যুক্ত রয়েছেন। ৩২ বছর বয়সি সেলিনার ইনস্টাগ্রামে তার অনুরাগীর সংখ্যা তিন লাখেরও বেশি।

প্যারিস ফ্যাশন উইকের নিয়মিত মুখ সেলিনা লকস। তার সঙ্গে ২০১৫ সালে পরিচিত হয়েছিলেন রোনালদো। পরিচিত হওয়ার পর স্পেনের ইবিজায় রোনালদোর বাসায় যাতায়াত শুরু করেন সেলিনা। এই জুটি এখনও কোনো সন্তান নেননি।

তবে এর আগে ‘কুয়েম’ সাময়িকীতে দেওয়া সাক্ষাৎকারে সেলিনা বলেছিলেন, রোনালদোর চার সন্তানকে তিনি নিজের সন্তান হিসেবেই দেখেন, ‘ওরা আমারই সন্তান। বেশ কয়েক বছর আগে রোনালদোর যখন সম্পর্কটা শুরু হলো, ওরা অনেক ছোট ছিল। কাউকে ভালোবেসে সম্পর্ক শুরু করলে তার সবকিছুই মেনে নেওয়া যায়। আমি এই পরিবারকে ভালোবাসি। ওদের সঙ্গে দারুণ সময় কাটছে। এই পরিবারকে জিতে নেওয়ায় গর্ব লাগে।’

সূত্র: যুগান্তর

মাঠে ফিরেই মেসির গোল, জয় পেল পিএসজি

আর্জেন্টাইন তারকা লিওনেল মেসির দলে থাকাটা যে কতটা আত্মবিশ্বাসের সেটি প্রমাণ হলো আরও একবার। দলের অন্যতম সেরা তারকা কিলিয়ান এমবাপ্পে আছেন ছুটিতে। আমেরিকায় তাকে সঙ্গ দিচ্ছেন দলের আরেক তারকা আশরাফ হাকিমি। এমন অবস্থায় ঘরের মাঠে গতকাল অ্যাঙ্গার্সকে ২-০ গোলে হারিয়েছে পিএসজি।

তিন সপ্তাহের বেশি সময়ের বিরতির কোনো ছাপ পড়ল না লিওনেল মেসির খেলায়। বিশ্বকাপ ফাইনালের পর প্রথমবার মাঠে নেমে ঝলক দেখালেন আর্জেন্টাইন এ তারকা। পায়ের কারিকুরি দেখালেন নিষেধাজ্ঞা কাটিয়ে ফেরা নেইমারও। আর এই জয়ে ১৮ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে লিগ ওয়ানে শীর্ষস্থান আরেকটু পাকাপোক্ত করল পিএসজি।

ম্যাচের আগে ওয়ার্মআপে কাল মেসি ছিলেন বেশ সাধারণ। আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী দলের বাকি সব সদস্য নিজের প্রথম ক্লাব ম্যাচের আগে যেখানে মেডেল দেখিয়েছেন, মেসি সেখানে ‘অমর পেলে’ লেখা সাদা একটি টিশার্ট পরে এসেছিলেন। একই টিশার্ট পরেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড নেইমারও। ম্যাচও শুরু হয় প্রয়াত পেলের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট করতালির মধ্য দিয়ে।

প্রথম ভালো আক্রমণেই পঞ্চম মিনিটে এগিয়ে যায় পিএসজি। মেসির কাছ থেকে বল পেয়ে মুকিয়েলে নিচু ক্রসে খুঁজে নেন একিতিকেকে। এর পর বাকি কাজটা নিজেই সারেন তিনি। ২৪তম মিনিটে মেসির চমৎকার ফ্রি কিকে সার্জিও রামোসের হেড কোনোমতে ফেরান প্রতিপক্ষ গোলরক্ষক। দুই মিনিট পর আর্জেন্টাইন মহাতারকার আরেকটি ফ্রি কিক ফিস্ট করে ব্যর্থ করে দেন তিনি। ৩৩তম মিনিটে মেসির আরও একটি শট ফিরিয়ে দেন এই গোলরক্ষক। ১-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় পিএসজি।

দ্বিতীয়ার্ধের শুরুতে বেশ আক্রমণাত্মক ফুটবল খেলে অ্যাঙ্গার্স। তবে একাধিক সুযোগ পেয়েও কাজ লাগাতে পারেনি দলটি। ৬০তম মিনিটে বিপজ্জনক জায়গা থেকে শট লক্ষ্যে রাখতে পারেননি আব্দাল্লা সিমা। ৭২তম মিনিটে মুকিয়েলের কাছ থেকে বল পেয়ে জাল খুঁজে নেন মেসি। শুরুতে লাইন্সম্যান অফসাইড দিলেও পরে গোলের পক্ষে বাঁশি বাজান রেফারি।

৮৩তম মিনিটে মেসির দুর্দান্ত কারিকুরির পর বল জালে পাঠান নেইমার। তবে তিনি অফসাইডে থাকায় মেলেনি গোল। ৯০তম মিনিটে তার ফ্রি কিক কর্নারের বিনিময়ে ফেরান গোলরক্ষক। ২-০ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে পিএসজি।

লিগ ওয়ানে নিজেদের শেষ ম্যাচে লেসের কাছে ৩-১ গোলে হেরেছিল পিএসজি। এর পর লিগে প্রায় ৯ দিনের বিরতি ছিল ডিফেন্ডিং চ্যাম্পিয়নদের। এই সময়ের মধ্যেই দলের সঙ্গে যোগ দিয়েছেন লিওনেল মেসি। তাই ঠিক পরের ম্যাচেই চেহারা বদলে গেল লিগ ওয়ান চ্যাম্পিয়নদের।